# ২০২৫

পঞ্চম সেমেস্টার

## বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-11

(ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) পৃথিবীর বিভিন্ন ভাষাবংশের নামগুলি উল্লেখ করো। এই ভাষাবংশগুলির মধ্যে প্রধান ভাষাবংশ কোনটি? এই ভাষাবংশ থেকে যে প্রাচীন শাখাগুলির জন্ম হয়েছে সেগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও এবং এই ভাষাবংশের সঙ্গে ভারতীয় আর্য ভাষার সম্পর্কটি নির্ণয় করো। ৪+১+৫+৫

*অথবা*

(খ) প্রাচীন ভারতীয় আর্য ভাষা থেকে আধুনিক ভারতীয় আর্য ভাষা হিসেবে বাংলা ভাষার উদ্ভবের গতিপথটি একটি রেখাচিত্রের সাহায্যে আলোচনা করো। ১০+৫

২। (ক) প্রাচীন বাংলা ভাষার বিস্তৃতিকাল ও সাহিত্যিক নিদর্শনগুলির নাম উল্লেখ করো। প্রাচীন বাংলার প্রধান ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি চর্যাপদের প্রেক্ষিতে বুঝিয়ে দাও। ২+৩+১০

*অথবা*

(খ) আদি মধ্যযুগের বাংলা ভাষার সময়সীমা নির্দেশ করো। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য অবলম্বনে এই পর্বের বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ২+১৩

৩। (ক) 'অন্নদামঙ্গল' কাব্যে অন্ত্যমধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি কীভাবে প্রকাশ পেয়েছে তা উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) আধুনিক বাংলা ভাষার যে সব বৈশিষ্ট্য 'পরিব্রাজক' গ্রন্থে পরিস্ফুট হয়েছে তা দৃষ্টান্তসহ লেখো। ১৫

৪। (ক) টীকা লেখো— দ্রাবিড় ও অস্ট্রিক ভাষাবংশ। ৫

*অথবা*

(খ) টীকা লেখো— শৌরসেনী প্রাকৃত। ৫

৫। (ক) প্রাচীন বাংলা ভাষায় কারক-বিভক্তির ব্যবহার সম্পর্কে উদাহরণসহ লেখো। ৫

*অথবা*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে ব্যবহৃত নাসিক্য ব্যঞ্জনের প্রয়োগগত বৈশিষ্ট্যগুলি লেখো। ৫

৬। (ক) 'অন্নদামঙ্গল' কাব্যে দেশি ও বিদেশি শব্দের ব্যবহার সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা*

(খ) আধুনিক বাংলা ভাষার বাক্যগঠনরীতির বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'আবেস্তা' কী?

(খ) সতম্ গুচ্ছের অন্তর্ভুক্ত দুটি ভাষার নাম লেখো।

(গ) পৈশাচী কোন্ স্তরের ভাষা?

(ঘ) প্রাচীন ভারতীয় আর্য ভাষার যুগগত নাম কী?

(ঙ) 'বাংলা ভাষা পরিক্রমা' গ্রন্থটি কার রচনা?

(চ) "চঞ্চল চীত্র পইঠো <u>কাল</u>"— এখানে কোন্ কারক ও বিভক্তি হয়েছে?

(ছ) প্রাচীন বাংলায় নাসিক্য ব্যঞ্জন লোপের ফল কী হয়েছিল?

(জ) 'পাদাকুলক' শব্দটি কোন্ মূল শব্দ থেকে সৃষ্ট?

(ঝ) "অনাথী <u>নারীক</u> কত থাকে অভিমান"— রেখাঙ্কিত অংশটি কী জাতীয় পদ লেখো।

(ঞ) কাহ্ন > কানু— কী জাতীয় পরিবর্তন?

(ট) "গজব করিলে তুমি <u>আজব</u> কথায়"— নিম্নরেখ শব্দদুটি কোন্ ভাষা থেকে আগত?

(ঠ) 'অন্নদামঙ্গল' কাব্যে ব্যবহৃত একটি প্রবাদের উদাহরণ দাও।

(ড) আধুনিক বাংলায় কোন্ দুটি অব্যয়ের ব্যবহার বেশি দেখা যায়?

(ঢ) আধুনিক বাংলায় যৌগিক ক্রিয়া কীভাবে গড়ে ওঠে একটি উদাহরণ দাও।

(ণ) আধুনিক বাংলায় ব্যবহৃত স্বরসঙ্গতির একটি উদাহরণ দাও।

---